

কালের কণ্ঠ

ঢাকা। বৃহস্পতিবার। ১৩ জুলাই ২০২৩। ২৯ আষাঢ় ১৪৩০।



নর্থ সাউথ ইউনিভার্সিটির ২৪তম সমাবর্তন অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীকে পদক পরিবেশন করছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। গতকাল বিকেলে পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ প্রদর্শনী কেন্দ্রে।
ছবি : কালের কণ্ঠ

এনএসইউতে সাত সহস্রাধিক শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন সনদ

নিজস্ব প্রতিবেদক >

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২৪তম সমাবর্তন অনুষ্ঠানে সাত হাজারেরও বেশি শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন সনদ দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পক্ষে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। শিক্ষামন্ত্রীর হাত দিয়ে শিক্ষার্থীদের সনদ তুলে দেওয়ার পর ২০ জন মেধাবী শিক্ষার্থীকে চ্যান্সেলর স্বর্ণপদক ও ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হয়।

গতকাল বুধবার বিকেলে পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ প্রদর্শনী কেন্দ্রে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ২৪তম সমাবর্তন অনুষ্ঠানে এসব পদক বিতরণ করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার স্মার্ট বাংলাদেশের রূপকল্প অর্জনে মুক্তিযুদ্ধের চেতনায় অনুপ্রাণিত হয়ে মানবিক গুণাবলিসম্পন্ন মানবসম্পদ উন্নয়নে নিবেদিত। সব গ্র্যাজুয়েটকে অভিনন্দন জানিয়ে

২৪তম সমাবর্তন

তাদের উজ্জ্বল ও সফল ভবিষ্যৎ কামনা করেন তিনি।

সমাবর্তন বক্তা হিসেবে ভারতের পরিকল্পনা কমিশনের সাবেক ডেপুটি চেয়ারম্যান এবং সেন্টার ফর সোশ্যাল অ্যান্ড ইকোনমিক প্রোগ্রেসের ফেলো মন্টেক এস আহলুওয়ালিয়া গ্র্যাজুয়েট

শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য দেন। অনুষ্ঠানে আরো বক্তব্য দেন এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাভেদ মুনীর আহমদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জুনায়দ কামাল আহমদ এবং এনএসইউর উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। এ সময় ট্রাস্টি বোর্ডের

সদস্য ইয়াসমিন কামাল ও শাহরিয়ার কামাল উপস্থিত ছিলেন। মন্টেক এস আহলুওয়ালিয়া তাঁর বক্তব্যে গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানান এবং তাঁদের কর্মজীবনে ভবিষ্যৎ চ্যালেঞ্জের জন্য প্রস্তুত থাকতে উৎসাহিত করেন।